

# ইন্টারনেটে অর্থ উপার্জনের কৌশল

পর্ব-৩

নাহিদ মিথুন

কম্পিউটার জগৎ-এর নিয়মিত বিভাগ ঘরে বসে আয়-এর তৃতীয় পর্বে আলোকপাত করা হয়েছে dupefree সফটওয়্যারের মাধ্যমে আপনার লেখা আর্টিকেল ও অরিজিনাল আর্টিকেলের মধ্যে কতটুকু পার্থক্য তা জানতে। লক্ষ করুন, এই সফটওয়্যারটির নিচে একটি (%) রয়েছে। আপনি অরিজিনাল আর্টিকেলটি (যেটি আপনি ezine থেকে কপি করেছেন) dupefree সফটওয়্যারের প্রথম ঘরে ও আপনার লেখা আর্টিকেলটি দ্বিতীয় ঘরে দিয়ে নিচের Compare-এ ক্লিক করুন, তাহলে আপনার লেখা আর্টিকেলটি অরিজিনাল ইজাইন আর্টিকেল থেকে কতটুকু নকল করেছে তা ওই (%) ঘরে দেখা যাবে।

এর অর্থ হচ্ছে, আপনার লেখা আর্টিকেলটি অরিজিনাল আর্টিকেলের সাথে তুলনা করলেন। আপনার (%) যদি সর্বোচ্চ ২০ দেখায়, তাহলে আপনি আপনার লেখা আর্টিকেলটি ব্লগসাইটে বা ওয়েবসাইটে দিতে পারবেন। ২০ শতাংশের বেশি হলে আপনার আর্টিকেলটি google duplicate হিসেবে মার্ক করবে।

এছাড়া আপনি একটি সাইট থেকেও আপনার আর্টিকেলটি চেক করতে পারবেন। সাইটটি হলো-


<http://searchenginereports.net/articlecheck.aspx>। এই সাইটে article insert করলে আপনার article-এর duplicate sentenceগুলোকে highlight করবে।

ছবিতৈ চিত্রিত স্থানে আপনার আর্টিকেলটি পেস্ট করুন এবং create report-এ ক্লিক করলে একই ধরনের বাক্যগুলো নিচে চলে আসবে। সেগুলো পরিবর্তন করুন এবং আপনার সাইটে স্থাপন করুন। এছাড়া আপনার সাইটে প্রয়োজনীয় Image, Video, Song, RSS Feedসহ প্রয়োজনীয় সাইটের লিঙ্ক সংযুক্ত করে সাইটটি তৈরি করতে ১০ থেকে ১৫ দিন সময় নিন ও ধীরস্থিরভাবে বিষয়বস্তু বুঝে তৈরি করুন।

অনলাইন থেকে ভালো আয় করতে চাইলে আমাদের বিভিন্ন বিষয়ের ওপর লিখতে হবে এবং সাথে ইমেজ, ভিডিও, আরএসএস, কমেডস ব্যবহার করতে হবে।

কোনো বিষয়ের ওপর লিখতে চাইলে যদি সেই বিষয়ের ওপর ভালো ধারণা না থাকে, তবে যে ধাপগুলোর মাধ্যমে আপনার লেখা পূর্ণাঙ্গ করতে পারেন তা হলো :

\* ezine.com, \* ehow.com, \* read-bud.com, \* articlebases.com থেকে নির্দিষ্ট



চিত্র-০১



চিত্র-০২



চিত্র-০৩



চিত্র-০৪



চিত্র-০৫

বিষয়ের ওপর তিনটি আর্টিকেল নিন।

\* এই তিনটি থেকে একটি আর্টিকেল তৈরি করুন।

\* এই আর্টিকেলটির অর্থ ঠিক রেখে এমনভাবে পরিবর্তন করবেন। যাতে সোর্স আর্টিকেলগুলোর সাথে ডুপ্লিকেট না হয়। আর্টিকেল লেখা সহজ করার জন্য Word Flood Softwareটি ব্যবহার করতে পারেন।

এবার Dupe Free Pro Software দিয়ে সোর্স আর্টিকেলগুলোর সাথে আপনার লেখা আর্টিকেলগুলোর ডুপ্লিকেট চেক করুন।

\* Duplicate থাকলে Modify করুন।

\* এবার অনলাইনে Duplicate Check করার জন্য [Chttp://searchenginereports.net/](http://searchenginereports.net/) site ব্যবহার করুন।

\* আর্টিকেলটি ডুপ্লিকেটমুক্ত হলে প্রয়োজনীয় ইমেজ, ভিডিও নির্ধারণ করুন।

\* এই আর্টিকেলটি যদি blogspot.com-এ পাবলিশ করেন, তবে সেখানে ইমেজ, ভিডিও, আরএসএস, কমেড addthis.com Button ব্যবহার করুন।



চিত্র-০৬

আমরা এতক্ষণ দেখলাম কীভাবে পূর্ব অভিজ্ঞতা না থাকলেও আর্টিকেল লেখা যায়। এবার আমরা দেখব কীভাবে খুব সহজেই ইনকামের জন্য গুগল অ্যাডসেন্স অ্যাকাউন্ট করা যায়।

সহজে গুগল অ্যাডসেন্স পাওয়ার জন্য ডিজিট করুন <http://docstoc.com/> এবং উপরের ডান দিকের কোনায় Register-এ ক্লিক করুন। এবার প্রয়োজনীয় তথ্য দিয়ে Complete Registration-এ ক্লিক করুন।

লক্ষণীয়, অনেক সময় সিকিউরিটি ও অপটিমাইজেশনের জন্য সাইটের স্ট্রাকচার পরিবর্তন হয়। সুতরাং বইয়ের সাথে না মিললেও আপনি ধীরে ধীরে সাইটের নির্দেশ অনুসরণ করে যাবেন

ফিডব্যাক : [mentorsystems@gmail.com](mailto:mentorsystems@gmail.com)